সাংবাদিক ও সংগঠক মেন্টুর দাফন সম্পন্ন

ভোরের কাগজের মেহেরপুর জেলা প্রতিনিধি ও মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাংগঠনিক সম্পাদক আনিসুজ্জামান মেন্টুর দাফন সম্পন্ন হয়েছে।

গতকাল বুধবার সকালে মেহেরপুর শহরের হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গণে ২য় জানাজা শেষে মেহেরপুর পৌর কবরস্থানে তাকে দাফন করা হয়। এর আগে সকাল ৯টার সময় মেহেরপুর প্রেস ক্লাব প্রাঙ্গনে ১ম জানাযা অনুষ্ঠিত হয়। জানাযার আগে সাংবাদিকরা মেন্টুকে শ্রেষ শ্রদ্ধা জানান।

মেহেরপুরে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ জানাজা ও দাফন কাজে অংশগ্রহণ করে। গত মঙ্গলবার সন্ধ্যায় তার নিজ ব্যবসা প্রতিষ্ঠানে হৃদরোগে আক্রান্ত হয়ে আনিসুজ্জামান মেন্টু মৃত্যুবরণ করেন।

মেপ্র/আরপি

মেহেরপুরে এসএমই পণ্য মেলা উপলক্ষে র্যালী

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মেহেরপুরে এসএমই পণ্য মেলা উপলক্ষে র্যালী অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সকালে এ র্যালি অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক মো: আতাউল গনির নেতৃত্বে র্যালীটি মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী থেকে শুরু করে বাদ্যের তালে তালে প্রধান সড়ক অতিক্রম করে মেহেরপুর জেলা প্রশাসন চত্বরে গিয়ে শেষ হয়।

পরে জেলা প্রশাসক মো: আতাউল গনি এসএম ই মেলা সম্পর্কে বক্তব্য রাখেন। অতিরিক্ত জেলা প্রশাসক মো: তৌফিকুর রহমান, সিনিয়র

সহকারী কমিশনার এম এম আরাফাত হোসেন, সহকারী কমিশনার মাহমুদুল হাসান, মেহেরপুর জেলা শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম বকুল প্রমুখ উপস্থিত ছিলেন।

মেপ্র/আরপি

মেহেরপুরে ১৪ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামীর আত্মসমর্পন

মেহেরপুরে অস্ত্র মামলার ১৪ বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামী হিরোক আলী আদালতে আত্মসমর্পণ করেছন।

হিরোক মেহেরপুরের গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের চাঁদপুর-দুলালনগর গ্রামের খোকন আলীর ছেলে।

গতকাল বুধবার বিকেলের দিকে হিরোক মেহেরপুর স্পেশাল ট্রাইব্যুনাল চতুর্থ আদালতের বিচারক কেরামত আলীর আদালতে আত্মসমর্পণ করেল, আদালত তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

মামলার বিবরেণ জানা যায়, ২০১১ ইং সালের ১৩ জুলাই গাংনী উপজেলার হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের এস আই টিপু সুলতান নাইন এমএম পিস্তলসহ হিরোক, আলমগীর ও রিপন নামের তিন যুবককে আটক করেন।

আটককৃতদের বাড়ি দুলালনগর গ্রামে। ওই ঘটনায় অস্ত্র আইনের ১৮৭৮-এর ১৯ ধারায় গাংনী থানায় একটি মামলা হয়। যার মামলা নং- ২৪। জি আর কেস নং ৩৭/২০১১। এস টি নং ৮৭/২০১১।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা প্রাথমিক তদন্ত শেষে আদালতে চার্জশিট দাখিল করেন। মামলায় মোট ১৩ জন সাক্ষী তাদের সাক্ষ্য প্রদান করেন। পরে স্পেশাল ট্রাইব্যুনাল চতুর্থ আদালতের বিচারক তাজুল ইসলাম ওই তিন ব্যক্তিকে ১৪ বছরের সশ্রম কারাদণ্ড দেন।

সাজাপ্রাপ্ত তিন জন ২ বছর জেল খাটার পর আদালতের মাধ্যমে জামিন পান। পরে হিরোক পানি পথে মালয়েশিয়ায় পালিয়ে যায়। আসামী আলমগীর হোসেন গাংনী উপজেলার হাড়িয়াদহ গ্রামের মাঠে পুলিশের কথিত বন্দুকযুদ্ধে মারা যায়। বাকী আসামী রিপন পলাতক রয়েছে।

এদিকে পলাতক আসামী হিরোক মালয়েশিয়া থেকে দেশে ফিরে এসে আদালতে আত্মসমর্পন করেন।

মেপ্র/আরপি

মেহেরপুরের আমদহ ইউপির উদ্যোগে কম্বল বিতরণ

মেহেরপুরের আমদহ ইউনিয়ন পরিষদের উদ্যোগে দুস্থদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমদাহ ইউনিয়ন পরিষদ চত্তরে এই কম্বল বিতরণ করা হয়।

এসময় আমদহ ইউনিয়ন পরিষদের সচিব মো: সাহাদত হোসেন, ইউপি সদস্য মো: দরুদ আলী, হিসাব সহকারী মো: শফিউল ইসলাম, দফাদার মো: বজলুর রহমান শান্ত ও স্থানীয় ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দুই শতাধিকের বেশি দরিদ্রের মাঝে এই কম্বল বিতরণ করা হয়।

মেপ্র/আরপি

১মার্চ মেহেরপুরে আসছেন স্বরাষ্ট্রমন্ত্রী

আগামী ১ মার্চ মেহেরপুরে আসছেন স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল।

সফরকালে তিনি মুজিবনগর পরিদর্শন করবেন এবং জঙ্গি ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেবেন।

মেহেরপুর পুলিশ সুপার এসএম মুরাদ আলী মেহেরপুর প্রতিদিনকে বিষয়টি নিশ্চিত করেন৷

এদিকে স্বরাষ্ট্র মন্ত্রী আসাদুজ্জামান খান কামাল মেহেরপুরে আগমন উপলক্ষে ব্যাপক প্রস্তুতি গ্রহন করেছে জেলা পুলিশ৷

মেপ্র/এমএফআর

বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক কমিটি ঘোষনা

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়ন তাঁতীলীগের আহবায়ক কমিটি ঘোষনা করেছে মেহেরপুর জেলা কমিটি।

জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম ও সদস্য সচিব জুয়েল রানা সাক্ষরিত এক বিঙ্গপ্তির মাধ্যেমে ৩ মাসের জন্য এ কমিটির ঘোষনা দেন। কমিটিতে জেলা পরিষদের সদস্য শাহীন উদ্দীনকে আহব্বায়ক ও রেজাউল হককে যুগ্ম আহব্বায়ক করে ৪১ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়।

এর আগে একই মঞ্চে কমিটি গঠন ও বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ পূর্তি উপলক্ষে আলোচনাসভা অনুষ্ঠিত হয়। মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আয়োজনে রাজধানী পিকনিক কর্নারে বুধবার বিকালে কমিটি গঠন

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা তাঁতীলীগের আহবায়ক নুর ইসলাম।

মুজিবনগর উপজেলা তাঁতীলীগের আহবায়ক প্রবীর শেখ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর থানা তাঁতীলীগের আহবায়ক মাহ্ফুজুর রহমান,মুজিবনগর উপজেলা তাঁতীলীগের যুগ্ম আহবায়ক আশাদুল হক বীর।

মুজিবনগর উপজেলা তাঁতীলীগের সদস্য সচিব আঙ্গুর গাজীর সঞ্চলনায় প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন জেলা তাঁতীলীগের সদস্য সচিব জুয়েল রানা। এর আগে সকল অতিথি বৃন্দকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

গাংনী বাজারে মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে কলেজ ছাত্র আহত

মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে জয় (১৮) নামের এক কলেজ ছাত্র মারাত্মক আহত হয়েছেন। আহত জয়কে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ বুধবার সকালে গাংনী বাজারের কাথুলী বাস স্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে। আহত জয় গাংনী উপজেলার বাথান পাড়া গ্রামের আবদুর রশিদের ছেলে ও মেহেরপুর সরকারি কলেজের একাদশ শ্রেণীর ১ম বর্ষের ছাত্র।

প্রত্যক্ষদর্শী সুত্রে জানাগেছে, জয় বাড়ি থেকে একটি ১৬০ সিসি এপাসি আর টি আর মোটর সাইকেলে মেহেরপুরে কলেজে যাচ্ছিল। গাংনী বাজারের কাথুলী বাসস্ট্যান্ডে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ইট বোঝায় ট্রলি সামনে পড়লে সে নিয়ন্ত্রণ হারিয়ে ট্রলির নিচে পড়ে যায়।

এসময় জয় মারাত্মক আহত অবস্থায় স্থানীয়রা তাকে গাংনী উপজেলা

স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। তার অবস্থার খুবই অবনতি দেখে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক। তার অবস্থা আশঙ্কা জনক বলে জানা গেছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, সড়ক দুর্ঘটনার বিষয়টি জানতে পেরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে।

মেপ্র/আরপি

মুজিবনগরে যুব মহিলা লীগের উঠান বৈঠক

সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে বাংলাদেশ যুব মহিলা লীগ মেহেরপুর জেলা শাখার আয়োজনে মুজিবনগর উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকালে মুজিবনগর উপজেলার মোনাখালী ইউনিয়নের শিবপুর গ্রামে এ উঠান বৈঠক অনুষ্ঠিত হয়।

উক্ত উঠান বৈঠকে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুব মহিলা লীগের কার্যনির্বাহী কমিটির অন্যতম সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী পত্নী সৈয়দা মোনালিসা ইসলাম।

মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুনের সভিপতিত্বে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা যুব মহিলা লীগের সভাপতি সামিউন বাশিরা পলী, সাধারণ সম্পাদক রুতশোভা মন্ডল।

এ সময় বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তোকলিমা খাতুন, সাধারণ সম্পাদক তহমিনা খাতুন, মোনাখালী ইউনিয়ন যুব মহিলা লীগের সভাপতি শিমুল রেজা প্রমুখ।

মেপ্র/আরপি

মেহেরপুরের সাংবাদিক আনিসুজ্জামান মেন্টু আর নেই

ভোরের কাগজের মেহেরপুর জেলা প্রতিনিধি আনিসুজ্জামান মেন্টু ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)।

আজ মঙ্গলবার সন্ধ্যায় তিনি হৃদরোগে আক্রান্ত হয়ে ইন্তেকাল করেন। তিনি ভৈরব সাহিত্য ও সাংস্কৃতিক চত্বর এর সাধারণ সম্পাদক ও মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সাংগঠনিক সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন।

তার এ আকষ্মিক মৃত্যুতে গভীর শোক ও মরহুমের পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেছেন মেহেরপুর প্রতিদিন’র প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সাংস্কৃতিক কর্র্মী নিশান সাবের, মাহবুবুল হক মন্টু, ইমদাদুল হক সহ বিভিন্ন জন।

মেহেরপুর জেলা জাসদের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

মেহেরপুর জেলা জাসদের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে পুনরায় ওমর আলী সভাপতি ও মাহাবুব চান্দু সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর শিশু একাডেমী মিলনায়তনে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জেলা জাসদের সভাপতি ওমর আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন জাসদেও কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আব্দুল আলীম স্বপন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কার্যকরী সদস্য মো: আব্দুল্লাহ, কুষ্টিয়া জেলা জাসদেও সাংগঠনিক সম্পাদক অসিত সিংহ রায়।

জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য দেন গাংনী উপজেলা জাসদের সভাপতি আনোয়ার হোসেন, সাধারণ সম্পাদক আব্দুল মতিন।

সম্মেলনের ২য় পর্বে কাউন্সিলদের সমর্থনে ওমর আলীকে পুনরায় সভাপতি ও মাহাবুব চান্দুকে পুনরায় সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয় এবং নতুন কমিটিকে দ্রুত পুর্নাঙ্গ কমিটি করার নির্দেশ দেওয়া হয়।

মেপ্র/ইএম